

সংকটে আবাসন খাত, উত্তোরণে কাজ চলছে-
প্রিন্টিং এ্যান্ড পাবলিকেশন স্ট্যান্ডিং কমিটির ১ম সভায় রিহ্যাব প্রেসিডেন্ট



রিয়েল এস্টেট এ্যান্ড হাউজিং এসোসিয়েশন অব বাংলাদেশ রিহ্যাব এর প্রিন্টিং এ্যান্ড পাবলিকেশন স্ট্যান্ডিং ১ম সভা অনুষ্ঠিত হয়েছে। ২৮ মে, ২০২৪ মঙ্গলবার বিকেল ৪:০ ঘটিকায় রিহ্যাব সচিবালয় এর ৭ম তলায় সভা কক্ষে অনুষ্ঠিত হবে। সভায় প্রিন্টিং এ্যান্ড পাবলিকেশন স্ট্যান্ডিং কমিটির চেয়ারম্যান সেলিম রাজা পিনু কমিটির কার্যক্রম সম্পর্কে তুলে ধরেন। সেলিম রাজা পিনু বলেন, এই কমিটি রিহ্যাব মেম্বারদের মাঝে সেতু বন্ধন হিসেবে কাজ করবে। সভায় দ্রুত সময়ের মধ্যে স্বপ্নীল আবাসন প্রকাশ করার সিদ্ধান্ত গৃহীত হয়। এছাড়া বিভিন্ন প্রিন্টিং আইটেম সময়মত প্রকাশ করার সিদ্ধান্ত নেয়া হয়।

সভায় রিহ্যাব প্রেসিডেন্ট রিহ্যাব এর কার্যক্রম সম্পর্কে তুলে ধরেন। তিনি বলেন, সম্প্রতি আমরা মহামান রাষ্ট্রপতি এবং প্রধানমন্ত্রীর কাছে আমাদের দাবি দাওয়া তুলে ধরেছি। ড্যাপ এ ফার ইস্যুতে ভবনের উচ্চতা এবং আয়তন কমে যাওয়ায় আবাসন খাতে স্ববিরতা তৈরি হয়েছে। একেক এলাকায় একেক রকম ফার দেওয়াতে নাগরিকদের মাঝে বৈষম্য তৈরি হয়েছে। এছাড়া নিমাণ সামগ্রীর মূল্য বৃদ্ধি এবং নিবন্ধন ব্যয় বৃদ্ধি এই খাতে মারাত্মক সংকট তৈরি করেছে। তিনি মধ্য ও স্বল্প বিত্তদের জন্য কম সুদের হাউজিং লোন দেওয়ার দাবি জানান। সবাইকে সাথে নিয়ে সংকট উত্তোরণের কথা বলেন রিহ্যাব প্রেসিডেন্ট।



প্রিন্টিং এ্যান্ড পাবলিকেশন স্ট্যান্ডিং কমিটির সভায় এ.এফ. এম ওবায়দুল্লাহ, ফারুক আহমেদ, মুহাম্মদ ইব্রাহিম শ্যামী , মোঃ রাগীব আহসান, মুমিন উল্লাহ বেগ, মোশাররফ হোসেন মিনু, মিসেস শারমিন ইয়াসমিন, সৈয়দ শামীম আজিজ, কনেল মোঃ শাহজাহান মোল্লা, পিএসসি (অবঃ), মোঃ মশিউর রহমান চৌধুরী, মোঃ এমদাদুল হোসেন সোহেল, মোঃ মাহবুবুর রহমান, উম্মে জাহান আরজু প্রমুখ উপস্থিত ছিলেন।